গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, বরিশাল
www.bkkb.barisaldiv.gov.bd

# জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | **মোঃ সোহরাব হোসেন**<br>পরিচালক (উপসচিব)<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড<br>বিভাগীয় কার্যালয়, বরিশাল |
| সভার স্থান | ঃ | পরিচালক এঁর অফিস কক্ষ |
| তারিখ | ঃ | ০১-০৮-২০২১ খ্রি. |
| সময় | ঃ | বেলা ১০.৩০ টা |

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারিদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভাপতির অনুমতিক্রমে এ কার্যালয়ের কল্যাণ অফিসার সভার কার্যক্রম উপস্থাপন করেন।

আলোচনা ঃ

১. কল্যাণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বরিশালের কার্যক্রমে শুদ্ধাচার প্রতিষ্ঠা এবং সকল কার্যক্রম দুর্নীতিমুক্ত রাখার বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা অব্যাহত রাখা এবং সার্বিক কর্মপরিবেশ উন্নয়নের উপর গুরুত্বারোপ করেন।

২. সভাপতি বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ কার্যালয়ের এপিএ ২০২১-২২ এর কর্মকৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। এ ছাড়া কর্মচারীদের জন্য এ অর্থবছরে এপিএ অনুযায়ী নিবিড় প্রশিক্ষণ চালিয়ে যাবার বিষয়ে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

৩. সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সকল কর্মচারীকে অধিকতর স্বচ্ছতা, সদাচরণ ও জবাবদিহিতার সাথে সম্মিলিতভাবে কাজ করার জন্য আহবান জানান। এছাড়া ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

চলমান-২

সিদ্ধান্ত ঃ

১. বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সকল কার্যক্রমে শুদ্ধাচার প্রতিষ্ঠা এবং দাপ্তরিক কার্যাবলি দুর্নীতিমুক্ত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

২. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ কার্যালয়ের কর্মকৌশল ও এপিএ ২০২১-২২ কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ ছাড়া কর্মচারীদের জন্য এ অর্থবছরে নিবিড় প্রশিক্ষণ পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা অব্যাহত রাখা এবং সার্বিক কর্মপরিবেশ উন্নয়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সেবা গ্রহীতাদের মতামত রেজিস্টার নিয়মিত সেবা গ্রহীতাদের নিকট উপস্থাপন করতে অনুরোধ করা হলো।

৪. জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়।

৫. জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে অধিকতর স্বচ্ছতা, সদাচরণ ও জবাবদিহিতার বিষয়ে সকল কর্মচারীকে সম্মিলিতভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে :

১. কল্যাণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বরিশাল।
২. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সদস্যবৃন্দ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০১.০৮.২১

(মোঃ সোহরাব হোসেন)
পরিচালক (উপসচিব)

নম্বর - ০৫.৮১.০০০০.০০৮.৫৮.০৫৪.১৪-১৬১ তারিখ ঃ ০১-০৮-২০২১ খ্রি.

অনুলিপি ঃ (সদয় অবগতি ও জ্ঞাতার্থে)

১. মহাপরিচালক (সরকারের সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।

২. পরিচালক (প্রশাসন)/ পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।

০১.০৮.২১

(সঞ্জীব কুমার সরকার
কল্যাণ অফিসার
ফোন নম্বর: ০৪৩১-২১৭৩১০৯